




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৬৮/ঢাকা/ ৪০২৭ (৭)

তারিখ : ২৬.০৩.২০২০

বিষয় : বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : (১) বোর্ডের ১০/০৮/২০২০ তারিখের ২৫৮১ পত্র।

(২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা-এর ০৪/১০/২০২০ তারিখের ১৮১৯ নং তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা-এর তদন্ত প্রতিবেদন এবং প্রেরিত কাগজপত্র অনুযায়ী জানানো যাচ্ছে,

১। বিদ্যালয়ে নিয়মিত কমিটি বিদ্যমান থাকা সত্ত্বেও উক্ত কমিটির সিদ্ধান্ত ব্যতিরেকে বিগত এডহক কমিটির ২২/০৬/২০১৯ তারিখের সিদ্ধান্তে ০২/০১/২০২০ তারিখে ৮৯,৯৭,৫০০/- টাকা উত্তোলন। উল্লেখ্য, নিয়মিত কমিটি অনুমোদন দেয়া হয় ২৪/০৯/২০১৯ এবং উক্ত কমিটির প্রথম সভা হয় ২৫/০৯/২০১৯।

২। ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত ব্যতীত ব্যাংক হতে ১৩/০৬/২০১৯ তারিখে ৫,৪৬,৭৯৭/- এবং ১৬/০৬/২০১৯ তারিখে ৫,০০,০০০/- টাকা উত্তোলন করা হয়।

৩। ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত ব্যতীত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক খুরশিদা খানম বিদ্যালয় হতে অবসর গ্রহণের পর অর্থ আত্মসাতের উদ্দেশ্যে এফডিআর এর মেয়াদ উত্তীর্ণের পূর্বে ২০/০৫/২০২০ তারিখে যমুনা ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা হতে দ্বিগুন সঞ্চয় প্রকল্পের ২ (দুই) কোটি টাকা বিদ্যালয়ের সঞ্চয়ী হিসাব উত্তরা ব্যাংক লিমিটেড, নিউ বেইলী রোড শাখায় স্থানান্তরের আবেদন করে যা ব্যাংকের হস্তক্ষেপের কারণে তোলা যায়নি। এ ব্যাপারে পরবর্তীতে ম্যানেজিং কমিটি কর্তৃক জনাব খুরশিদা খানম-এর বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ না করা।

৪। মোবরেকা খালেদ একই সময়ে ম্যানেজিং কমিটির সদস্য সচিব এবং শিক্ষক প্রতিনিধি হিসেবে দুইটি পদ দখলে রাখা যা বিধিসম্মত নহে।

৫। সহকারী প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়ে মিস মামলা ২৫৩/২০১৯ এবং জেলা জজ আদালতের আপীল মোকদ্দমা ৭৪/২০১৯ নিষ্পত্তি না করে সহকারী প্রধান শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া, সহকারী প্রধান শিক্ষক নিয়োগ এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব দেয়া।

৬। বিদ্যালয়ের দাতা সদস্যকে অবহিত না করে ২৯/০৬/২০২০ তারিখে সভা আহ্বান করে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া।

উল্লিখিত আর্থিক অনিয়ম এবং অব্যবস্থাপনা সংঘটিত হবার কারণে কেন প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৮ অনুযায়ী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ভেঙ্গে বা বাতিল করা হবে না- পত্র ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
মগবাজার গার্লস হাই স্কুল
সিক্বেশ্বরী, রমনা, ঢাকা।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৪০২৭ (৭)

তারিখ : ২৬.০৩.২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, মগবাজার গার্লস হাই স্কুল।
- ৬। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

২৬/৩/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৬.০৩.২০২০